

## 99921 - স্থায়ী সাদা রঙ দিয়ে দাঁত কালার করা

---

### প্রশ্ন

আমার দাঁতের কোন সমস্যা নাই; আলহামদু লিল্লাহ। তবে দাঁতগুলো হলদেটে। এতে কিছু সাদা সাদা দাগ আছে। যার কারণে আমার অনেক বিব্রতবোধ ও সংকোচ হয়। আমি দাঁতকে সাদাকরণের ব্যাপারে জিজ্ঞেস করেছি। তারা আমাকে জানিয়েছে যে, আমার দাঁতের কালার ভিন্ন হওয়ার কারণে এতে কোন উপকার হবে না। তারা আমাকে জানিয়েছে যে, দাঁতের স্থায়ী সাদা রঙ আছে; যা আপনার সমস্যাটি দূর করবে। এর হুকুম কী?

### প্রিয় উত্তর

আপনি দাঁতের যে রঙের কথা উল্লেখ করেছেন তাতে কোন গুনাহ হবে না; এমনকি সেটা যদি স্থায়ী হয় তবুও। কেননা মূল বিধান হলো বৈধতা। আমরা এমন কোন দলিল জানি না যা এটি করতে বাধা দেয়।

আল্লাহুই সর্বজ্ঞ।